গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রনালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

নথি নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭(অংশ).৯৮৪ তারিখ : ২১ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ / ০৫ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে প্রেরিত ২০১৯ সালের পরে বেসরকারি কলেজে স্নাতক (পাস) পর্যায়ে এনটিআরসিএ কর্তৃক নিয়োগকৃত ৯২ জন এবং গভর্নিংবডি কর্তৃক ২০১৬ সালের পরে নিয়োগকৃত তৃতীয় শিক্ষকের এমপিওভুক্তির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে ১২.০৪.২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি কলেজে স্নাতক (পাস) পর্যায়ে এনটিআরসিএ কর্তৃক ৩য় গণবিজ্ঞিপ্তিতে নিয়োগকৃত তালিকাভুক্ত প্রায় ৭৯ জন শিক্ষকের পক্ষে মোছাঃ নিলুফার ইয়াসমিন, প্রভাষক (রসায়ন), গাঙ্গুরিয়া ডিগ্রি কলেজ, পোরশা, নওগাঁ এবং মোঃ আবদুল্লাহ আল মামুন, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান), খলিলুর রহমান ডিগ্রি কলেজ, সোনাইমুড়ী, নোয়াখালী এ বিভাগে আবেদন করেন। তৎপ্রেক্ষিতে গত ১২.০৪.২০২৩ তারিখে অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের সভাপতিত্বে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে প্রেরিত ২০১৯ সালের পরে বেসরকারি কলেজে স্নাতক (পাস) পর্যায়ে এনটিআরসিএ কর্তৃক নিয়োগকৃত ৯২ জন এবং গভর্নিংবডি কর্তৃক ২০১৬ সালের পরে নিয়োগকৃত তৃতীয় শিক্ষকের এমপিওভুক্তির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে ১২.০৪.২০২৩ তারিখে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সর্বসম্মতিক্রমে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

সিদ্ধান্তসমূহ :

(১) শিক্ষা মন্ত্রণালয়ের ১৯.১০.২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.০৮.০০৬.১৬.৩৫৪ নং-স্মারকে জারীকৃত পরিপত্র অনুযায়ী ৩১.১২.২০১৬ তারিখের মধ্যে নিয়োগপ্রাপ্ত স্নাতক (পাস) পর্যায়ের তৃতীয় শিক্ষকগণ এমপিওভুক্ত হবেন।

(২) অর্থ বিভাগের ৩১ আগস্ট ২০২১ তারিখের নং ০৭.০০.০০০০.১০২.২০.০২৪.১৮-৩৯৫ স্মারকের নির্দেশনা অনুযায়ী তৃতীয় শিক্ষক নিয়োগ করা হয়নি এরূপ প্রতিষ্ঠানে তৃতীয় শিক্ষক নিয়োগ করা যাবে না।

(৩) Civil petition for Leave to Appeal No. 4184 of 2018 এবং 457 of 2019 এর রায় অনুযায়ী তৃতীয় শিক্ষক এমপিওভুক্তির সুযোগ নাই।

(৪) অর্থ বিভাগের ৩১ আগস্ট ২০২১ তারিখের নং ০৭.০০.০০০০.১০২.২০.০২৪.১৮-৩৯৫ স্মারকের নির্দেশনা এবং Civil petition for Leave to Appeal No. 4184 of 2018 এবং 457 of 2019 এর রায় অনুযায়ী তৃতীয় শিক্ষক এমপিওভুক্তির সুযোগ না থাকায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত এনটিআরসিএ এর মাধ্যমে ২০১৯ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত নিয়োগপ্রাপ্ত ৯২ জন তৃতীয় শিক্ষকের এমপিওভুক্তির জন্য দাখিলকৃত আবেদন না মঞ্জুর করা হলো।

(৫) শিক্ষা মন্ত্রণালয়ের ১৯.১০.২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.০৮.০০৬.১৬.৩৫৪ নং-স্মারকে জারীকৃত পরিপত্র অনুযায়ী ৩১.১২.২০১৬ তারিখের পরে নিয়োগ প্রাপ্ত শিক্ষকগণ এমপিওভুক্ত হওয়ার সুযোগ না থাকায় গভর্নিংবডি কর্তৃক ২০১৬ সালের পরে ২০১৭-২০১৮ সালে নিয়োগপ্রাপ্ত তৃতীয় শিক্ষকদের এমপিওভুক্তির জন্য ০২ জন শিক্ষকের স্বাক্ষরে দাখিলকৃত আবেদন না মঞ্জুর করা হলো।

(৬) শিক্ষা মন্ত্রণালয়ের ১৯.১০.২০১৬ তারিখের নং-৩৭.০০.০০০০.০৭৩.০৮.০০৬.১৬.৩৫৪ স্মারকে জারীকৃত পরিপত্র অনুযায়ী ৩১.১২.২০১৬ তারিখের পরে নিয়োগ প্রাপ্ত শিক্ষকগণ এমপিওভুক্ত হওয়ার সুযোগ না থাকায় ২০১৯-২০২১ সাল পর্যন্ত নিয়োগকৃত তৃতীয় শিক্ষককে একই সাথে এমপিওভুক্তির জন্য জনাব উজ্জ্বল কুমার মন্ডল, প্রভাষক (অর্থনীতি), কপিলমুনি কলেজ, পাইকগাছা, খুলনা এবং জনাব মেহেদী হাসান, প্রভাষক (বাংলা) জয়লাজুয়ান ডিগ্রী কলেজ, শেরপুর, বগুড়া কর্তৃক দাখিলকৃত আবেদন না মঞ্জুর করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

০৫/০৯/২০২৩
( মো: মিজানুর রহমান )
উপসচিব
ফোন: ৫৫১০০৫১৭
ই-মেইল : nongovt.secondary.sec3@shed.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

নথি নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭(অংশ).

তারিখ : ২১ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো :

১. সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক (সকল)..............................................।
৩. পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. উপপরিচালক (সকল).........................................(অঞ্চল)।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. জেলা শিক্ষা অফিসার (সকল), ................................................ ।
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ............................................।
৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ................................ ।
৯. অধ্যক্ষ, ...............................................।
১০. জনাব, ...............................................।
১১. অফিস কপি।

০৫/০৯/২০২৩
( মো: মিজানুর রহমান )
উপসচিব